গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

**কার্যবিবরণী**

**বিষয়: হিসাব ব্যবস্থাপনায় সুশাসন প্রতিষ্ঠা এবং সরকারের আর্থিক ব্যয়ের যথার্থতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে এসপিএফএমএস কর্মসূচি ও প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন টিম (পিআইটি) এর সদস্যগণের সমন্বয়ে আয়োজিত সভা।**

সভাপতি : জনাব এস এম রেজভী, হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ।
সভার তারিখ ও সময় : ০৯ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ, বিকাল ০৩:০০ ঘটিকা।
সভার স্থান : সিজিএ কার্যালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪৮১)।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা 'পরিশিষ্ট-ক' তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানান। অতঃপর সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপনের জন্য ড. মাহফুজা বেগম, প্রোগ্রাম এক্সিকিউটিভ ও কো-অর্ডিনেটর (পিইসি), এসপিএফএমএস কর্মসূচি-কে অনুরোধ করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়গুলিতে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার আলোচ্যসূচীর অগ্রগতি সংক্রান্ত আলোচনা। | **পেনশন কম্পোনেন্টের কাজের অগ্রগতি ও ভবিষ্যত পরিকল্পনা বিষয়ক আলোচনা:**<br>সর্বশেষ পিআইটি সভায় পেনশন কম্পোনেন্টের ভবিষ্যত কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়েছিলো এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী পেনশন, ফান্ড ও ফাইন্যান্সিয়াল রিপোর্টিং সংক্রান্ত অসম্পন্ন কাজগুলো সম্পন্ন করার জন্য পেনশন স্কিমের কার্যাবলী জুন, ২০২৭ সময় পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব এসপিএফএমএস প্রোগ্রামের জাতীয় কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছিলো। সভায় মতামত জানানো হয় যেহেতু প্রোগ্রামের মেয়াদ ২০২৬ এর জুন পর্যন্ত তাই জুন, ২০২৬ কে টার্গেট ধরে এই সময়ের মধ্যে যে কাজগুলো করা সম্ভব তা ঠিক করা যেতে পারে।<br><br>**ঠিকাদারের নিরাপত্তা জামানত (Contractor's Security Deposit):**<br>সভায় জানানো হয় প্রজাতন্ত্রের সরকারী হিসাবের ঠিকাদারের নিরাপত্তা জামানত অটোমেশন সংক্রান্ত ম্যানু প্রস্তুত ও এ বিষয়ে সিএএফও/এলজিইডি ও স্থানীয় সরকার বিভাগ এর ৩৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঠিকাদারের নিরাপত্তা জামানত সংক্রান্ত পাইলটিং কার্যক্রম শুরু করার জন্য হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়কে অনুরোধ করে পত্র প্রেরণের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।<br>**ট্রেইনিং, ওয়ার্কশপ, সার্টিফিকেশন কোর্স বিষয়ক আলোচনা:**<br>IPSAS Diploma কোর্স শুরুর বিষয়ে স্কিম হতে | ০১। পেনশন স্কিমের কার্যাবলী জুন, ২০২৭ পর্যন্ত বর্ধিত করার প্রস্তাবের আলোকে যে সকল কার্যক্রম জুন, ২০২৬ এর মধ্যে বাস্তবায়ন করা সম্ভব সেগুলো সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>০২। অর্থ বিভাগ থেকে পত্র পাওয়া পর সিএএফও/স্থানীয় সরকার বিভাগ এ ঠিকাদারের নিরাপত্তা জামানত অটোমেশন সংক্রান্ত ম্যানুর পাইলটিং কার্যক্রম শুরু করা হবে। এর পরবর্তী ০২ মাস সব সিএএফও-তে এবং সেপ্টেম্বর থেকে অক্টোবর, ২০২৫ এ সারা দেশে Roll out করা যেতে পারে।<br><br>০৩। IPSAS Diploma কোর্সটি দ্রুত শুরু করতে হবে। প্রোগ্রামের মেয়াদ বিবেচনায় IPSAS Diploma কোর্সের জন্য কোর্স ফি'র সম্পূর্ণ অর্থ স্কিম থেকে প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত |

পৃ:-১/৫

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছিলো। কিন্তু অর্থ বিভাগ থেকে কোনো নির্দেশনা না পাওয়ায় গত অর্থ বছরে কোর্সটি শুরু করা যায় নি। সভায় জানানো হয় পূর্ববর্তী পিআইটি সভায় IPSAS Diploma কোর্সে অংশগ্রহণে ইচ্ছুক আবেদনকারীদের কাছ থেকে কোর্স ফি'র একটি নির্দিষ্ট অংশ জমা রাখার প্রস্তাব করা হয়েছিলো। কিন্তু যেহেতু এসপিএফএমএস প্রোগ্রাম এর মেয়াদ জুন, ২০২৬ এর মধ্যে শেষ হবে তাই এই সময়ের মধ্যে জমাকৃত অর্থ আবেদনকারীর নিকট ফেরত প্রদান করা সম্ভব হবে না বিধায় কোর্স ফি'র সম্পূর্ণ অর্থ স্কিম থেকে পরিশোধের বিষয়টি বিবেচনার জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>সভায় জানানো হয় স্কিম কর্তৃক Government Finance Statistics Compilation ম্যানুয়াল এবং GPF ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে, চূড়ান্তকরণের জন্য ইন-হাউজ কর্মশালা আয়োজন করা যেতে পারে।<br><br>**সাব-ইউজার আইডি তৈরি সংক্রান্ত:**<br><br>সভায় জানানো হয় পেনশনারদের বায়োমেট্রিক তথ্য যাচাইয়ের উদ্দেশ্যে নির্বাচন কমিশনের ডাটাবেইজে এক্সেসের জন্য একটি সাব-ইউজার আইডি খোলার জন্য সিএএফও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট অফিসের নাম, এনআইডি নম্বরসহ কিছু প্রয়োজনীয় তথ্যসহ একটি ফরম পূরণের জন্য হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের দপ্তর থেকে ৩০/০৪/২০২৫ তারিখে সিএএফও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এ পত্র প্রেরণ করা হয়। সিএএফও/ পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট জানান আগামী ০২ সপ্তাহের মধ্যে তিনি এই বিষয়ে কার্যকর পদক্ষেপ নিবেন।<br>**সরকারি চাকুরিতে জব সুইচের ক্ষেত্রে জিপিএফ ব্যবস্থাপনা:**<br>সভায় জানানো হয় সরকারি চাকুরিতে জব সুইচের ক্ষেত্রে জিপিএফ ব্যবস্থাপনা বিষয়ক একটি ফিচার প্রস্তুত করা হয়েছে এবং এ বিষয়ে ৮০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ফিচারটি লাইভে দেয়ার প্রয়োজন মর্মে সভায় উত্থাপন করা হয়।<br><br>**ডেথ-কাম গ্র্যাচুইটি নমিনেশন অটোমেশন সংক্রান্ত:**<br>সভায় জানানো হয় ডেথ-কাম গ্র্যাচুইটি নমিনেশন অটোমেশন সংক্রান্ত ফিচারটি প্রস্তুত আছে এবং ফিচারটি সম্পর্কে প্রশিক্ষণও প্রদান করা হয়েছে। ফিচারটি পাইলটিং করা যেতে পারে মর্মে সভায় মতামত দেয়া হয়। | হয়।<br><br>০৪। Government Finance Statistics Compilation ম্যানুয়াল এবং GPF ম্যানুয়াল বিষয়ে সিজিএ কার্যালয়ের সভাকক্ষে দুটি পৃথক ইনহাউজ কর্মশালা আয়োজন করা হবে।<br><br>০৫। সিএএফও/পেনশন ও ফান্ড আগামী দুই সপ্তাহের মধ্যে সাব-ইউজার আইডি খোলার বিষয়ে প্রয়োজনীয় তথ্যসহ ফরম পূরণের ব্যবস্থা নিবেন।<br><br>০৬। সরকারি চাকুরিতে জব সুইচের ক্ষেত্রে জিপিএফ ব্যবস্থাপনা ফিচারটির বিষয়ে সিজিএ কার্যালয়ের সংশ্লিষ্ট কমিটি তাদের মতামত দিবেন এবং ০২ সপ্তাহের মধ্যে ফিচারটি লাইভে দেয়ার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>০৭। ডেথ-কাম গ্র্যাচুইটি নমিনেশন অটোমেশন ফিচারটির বিষয়ে সিএএফও অর্থ বিভাগ ও সিএএফও, সিএন্ডএজি, পিএসসি ও নির্বাচন কমিশন এ পাইলটিং করা যেতে পারে। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০২ | পেনশন স্কিম এর ২০২৫-২৬ অর্থ বছরের প্রশিক্ষণ সংক্রান্ত | সভায় জানানো হয় পেনশন স্কিম এর ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রশিক্ষণ পরিকল্পনা খসড়া প্রস্তুত করা হয়েছে। এই অর্থ বছরে ৭৮ টি প্রশিক্ষণ/কর্মশালা অন্তর্ভুক্ত করা হয়েছে, তন্মধ্যে ০৩ টি বৈদেশিক প্রশিক্ষণ, ৪৮ টি দেশীয় প্রশিক্ষণ, ০৬ টি অনলাইন প্রশিক্ষণ/কোর্স, ২১ টি কর্মশালা রয়েছে। এ ছাড়াও প্রশিক্ষণ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। | জনাব ফারমীন মাওলা, অতিরিক্ত সিজিএ (প্রশাসন) ও জনাব মোহাম্মদ কবির হোসেন, অতিরিক্ত সিজিএ (হিসাব) সভায় উপস্থাপিত প্রশিক্ষণ পরিকল্পনার বিষয়ে তাদের মতামত দিবেন। |
| ০৩ | প্রাক-অবসর পর্যায় অটোমেশন সংক্রান্ত | সভায় জানানো হয় প্রাক-অবসর পর্যায় অটোমেশন এর জন্য Functional Requirements Specifications (FRS) প্রস্তুত করা হয়েছে। এবং পেনশন ফরম ডিজিটালাইজেশন করা হচ্ছে। মো: জাহাঙ্গীর আলম, সিনিয়র কনসালটেন্ট (আইটি সাপোর্ট) জানান প্রাক-অবসর পর্যায় অটোমেশন সংক্রান্ত সিস্টেমটি কোডিং পর্যায়ের কাজটি সম্পন্ন করা হচ্ছে, আগামী ১৫ দিনের মধ্যে সিস্টেমটি দৃশ্যমান হবে। | সিনিয়র কনসালটেন্ট (আইটি সাপোর্ট) ও সিনিয়র কনসালটেন্ট (পেনশন ম্যানেজমেন্ট) আগামী ১৫ দিনের মধ্যে প্রাক-অবসর পর্যায় অটোমেশন সিস্টেমটি দৃশ্যমান করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। |
| ০৪ | প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর বিভিন্ন আইটেম অটোমশন সংক্রান্ত | প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর বিভিন্ন আইটেম অটোমেশনের বিষয়ে সভায় জানানো হয় যে, জিপিএফ অটোমেশনের পর ঠিকাদারের নিরাপত্তা জামানত অটোমেশনের ফিচার প্রস্তুত করা হয়েছে এবং সিএএফও/স্থানীয় সরকার বিভাগ পাইলটিং এর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এখন বিচার বিভাগীয় জমা অটোমেশনের জন্য FRS প্রস্তুত করা হয়েছে এবং আগামী অক্টোবর, ২০২৫ এর মধ্যে একটি প্রোটোটাইপ প্রস্তুত করা হবে মর্মে সিনিয়র কনসালটেন্ট (ফান্ড ম্যানেজমেন্ট) জানান। | ঠিকাদারের নিরাপত্তা জামানত Roll out এবং অক্টোবর, ২০২৫ এর মধ্যে বিচার বিভাগীয় জমা অটোমেশনের প্রোটোটাইপ প্রস্তুত এর জন্য সিনিয়র কনসালটেন্ট (ফান্ড ম্যানেজমেন্ট) প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। |
| ০৫ | রেলওয়ে ও পোস্টাল এর উপযোজন হিসাব সংক্রান্ত | সভায় জানানো হয় ২০১৮-২০১৯ থেকে ২০২৩-২০২৪ পর্যন্ত রেলওয়ে ও পোস্টাল এর উপযোজন হিসাব প্রস্তুত করার লক্ষ্যে কাজ করা হচ্ছে। এ লক্ষ্যে পোস্টাল এর উপযোজন হিসাব এর ডাটা ম্যাপিং এর কাজ চলমান আছে। আগামী আগস্ট, ২০২৫ মাসের মধ্যে পোস্টাল এর উপযোজন হিসাব হালনাগাদ করা হবে। রেলওয়ের উপযোজন হিসাব প্রস্তুতের জন্য রেলওয়ের ব্যাচ শীট এর ডাটার সাথে আইবাসের ডাটার পর্যালোচনা করা হচ্ছে। আগামী সেপ্টেম্বর, ২০২৫ এর মধ্যে রেলওয়ের উপযোজন হিসাব হালনাগাদ করার লক্ষ্যে কাজ করা হচ্ছে বলে সিনিয়র কনসালটেন্ট (ফাইন্যান্সিয়াল রিপোর্টিং) জানান। | আগস্ট, ২০২৫ তারিখের মধ্যে পোস্টাল এর উপযোজন হিসাব হালনাগাদকরণ ও সেপ্টেম্বর, ২০২৫ এর মধ্যে রেলওয়ের উপযোজন হিসাব হালনাগাদ করার লক্ষ্যে সিনিয়র কনসালটেন্ট (ফাইন্যান্সিয়াল রিপোর্টিং) প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। |
| ০৬ | ডকুমেন্টেশন সংক্রান্ত | সভায় কনসালটেন্ট (ডকুমেন্টেশন) জানান Death Cum Gratuity Nomination, GPF-EFT, Gratuity-EFT, Contractors Security Deposit, GPF-Job Switch – এই ফিচারগুলোর Functional Requirements Specifications (FRS) প্রস্তুত আছে। জুলাই, ২০২৫ মাসের শেষ নাগাদ Software Requirements Specifications (SRS), Software Design Document (SDD) এর কাজ সম্পূর্ণ হবে। সভাপতি মহোদয়ের জিজ্ঞাসার প্রেক্ষিতে | পেনশন স্কিম এর সকল ফিচারের FRS, SRS এবং SDD ডকুমেন্টেশন পরবর্তী ০১ মাসের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে কনসালটেন্ট (ডকুমেন্টেশন) প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। |

পৃ:৩/৫

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | কনসালটেন্ট (ডকুমেন্টেশন) জানান আগামী মাসের মধ্যে পেনশন স্কিমের সবগুলো ফিচারের ডকুমেন্টেশনের কাজ শেষ করা হবে। | |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২২/০৭/২০২৫ খ্রি:
(এস এম রেজভী)
হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ
ও
Head of
Program Implementation Team (PIT)

নং-০৭.০৩.০০০০.০০৩.০১.০০১.২০২৩- ৫৬৭ তারিখঃ ২২/০৭/২০২৫ খ্রিঃ

বিতরণ ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। জনাব ফারমীন মাওলা, অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন), সিজিএ কার্যালয় ও PIT সদস্য, পেনশন ম্যানেজমেন্ট এবং ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্কিম।

০২। জনাব আ ফ ম ফজলে রাব্বী, যুগ্মসচিব, প্রবিধি-১ অধিশাখা, অর্থ বিভাগ ও PIT সদস্য, পেনশন ম্যানেজমেন্ট এবং ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্কিম।

০৩। জনাব ড. মাহফুজা বেগম, পিইসি, পেনশন ম্যানেজমেন্ট এবং ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয় ।

০৪। জনাব মোঃ মামুন- উল-মান্নান, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট ও PIT সদস্য, পেনশন ম্যানেজমেন্ট এবং ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্কিম।

০৫। জনাব মো: রুহুল কুদ্দুস, সিনিয়র কনসালটেন্ট, (ফিন্যান্সিয়াল রিপোর্টিং) SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয় ।

০৬। জনাব বুলবুল সিংহ, সিনিয়র কনসালটেন্ট (ফান্ড ম্যানেজমেন্ট), SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয়।

০৭। জনাব মোঃ হাসান নাজমুল কবির, সিনিয়র কনসালটেন্ট (পেনশন ম্যানেজমেন্ট), SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয়।

০৮। জনাব জাহাঙ্গীর আলম রানা, সিনিয়র আইটি কনসালটেন্ট (পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট), SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয়।

০৯। জনাব মোহাম্মদ ফিরোজ হায়দার, কনসালটেন্ট, SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয় ।

১০। জনাব জহিরুল ইসলাম, কনসালটেন্ট, SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয় ।

১১। জনাব সামছুদ্দিন মুন্না, ইমপ্লিমেন্টেশন সাপোর্ট কনসালটেন্ট, SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয়।

১২। জনাব মো: রোকন উদ্দিন, কনসালটেন্ট, SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয়।

১৩। জনাব এ. এম. সাইফুল ইসলাম পিন্টু, কনসালটেন্ট (ডকুমেন্টেশন), SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয়।

১৪। জনাব মুহাম্মদ আলমগীর হোসেন, উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-১), হিসাব শাখা, সিজিএ কার্যালয় ও PIT সদস্য, পেনশন ম্যানেজমেন্ট এবং ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্কিম।

১৫। জনাব সি এম ফজলে রাব্বী পলাশ, উপপরিচালক (অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এবং ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্কিম।

১৬। জনাব মো: নাজমুল হাসান, ডেপুটি সিজিডিএফ (প্রশাসন), কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয় ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এবং ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্কিম।

১৭। জনাব তুহিন চাকমা, উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-২), হিসাব শাখা, সিজিএ কার্যালয়।

১৮। জনাব মোসা: ইফফাত আরা খাতুন, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, সিজিএ কার্যালয়।

১৯। জনাব মো: কামাল উদ্দিন, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, সিজিএ কার্যালয়।

২০। জনাব মো: মুনজুর আলম, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, সিজিএ কার্যালয়।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

২১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: ডিসিএজি (এএন্ডআর)]

২২। জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএসপি টু এনাবল সার্ভিস ডেলিভারী প্রোগ্রাম ইঞ্জিনিয়ারিং ইন্সস্টিটিউশন, আইইবি (রমনা), ঢাকা-১০০০ ।

২৩। পি এস টু সিজিএ ।

২৪। অফিস কপি।

M. Kabir 22/9/25

(মোহাম্মদ কবির হোসেন, সিপিএফএ)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)
ফোনঃ ৯৩৬০৮৫৯
e-mail: addlcgaacc@cga.gov.bd